গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

www.edwardcollege.edu.bd

e-mail:edwardcollegebd@yahoo.com

স্মারক নং-সএক/৭৯৬ তারিখ : ১৭.০৯.২০২৪ খ্রি.

## ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি :

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ নিম্নোক্ত সময় ও নিয়ম অনুযায়ী সম্পন্ন করতে হবে।

**টাকা জমা, ফরমপূরণ ও ফরম জমার বর্ধিত সময়সূচি :**

| ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা প্রদানের তারিখ | গ্রুপ | ৩য় বর্ষ | কমিটির নিকট প্রিন্টকৃত আবেদন ফরম অন-লাইন পেমেন্ট স্লিপসহ জমাদানের তারিখ |
|---|---|---|---|
| ১৭.০৯.২০২৪ থেকে ২৬.০৯.২০২৪ | বিএ, বিএসএস, বিবিএস ও বিএসসি | নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন, প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স | ২৯.০৯.২০২৪ থেকে ৩০.০৯.২০২৪ |

**১। প্রত্যেক পরীক্ষার্থীকে তার জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাউনলোডকৃত আবেদনপত্রে উল্লেখিত টাকার সাথে নিম্নোক্ত সকল পাওনাদি একত্রে রকেট অ্যাপ্স এর মাধ্যমে পরিশোধ করতে হবে।**

| | বিএ, বিএসএস, বিবিএস, নিয়মিত | বিএসসি -নিয়মিত ও অনিয়মিত | প্রাইভেট | সার্টিফিকেট কোর্স | ৩য় বর্ষ অকৃতকার্য / গ্রেড উন্নয়ন |
|---|---|---|---|---|---|
| | (i) কেন্দ্র ফি (তত্ত্বীয়) =৪৫০/-<br>(ii) ব্যবস্থাপনা ফি = ৫০/- | (i) কেন্দ্র ফি (তত্ত্বীয়)=৪৫০/-<br>(ii) ব্যবস্থাপনা ফি = ৫০/<br>(iii) ) ব্যবহারিক কেন্দ্র ফি(অভ্যঃ ২ পত্র )=৩০০/- | (i) কেন্দ্র ফি (তত্ত্বীয়) = ৪৫০/-<br>(ii) ব্যবস্থাপনা ফি = ৫০/- | (i) কেন্দ্র ফি (তত্ত্বীয়) = ৪৫০/-<br>(ii) ব্যবস্থাপনা ফি = ৫০/- | (i) কেন্দ্র ফি (তত্ত্বীয়) = ৪৫০/-<br>(ii) ব্যবস্থাপনা ফি = ৫০/- |
| কলেজ পাওনাঃ | মোট = ৫০০/- | মোট = ৮০০/- | মোট = ৫০০/- | মোট = ৫০০/- | মোট = ৫০০/- |

বিঃ দ্রঃ ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের এবং **২০১৬** সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে নাই তারা সর্বসাকুল্যে **৫০০০** (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে বিশেষ বিবেচনায় শুধুমাত্র **২০২২** সালের ৩য় বর্ষ পরিক্ষায় বিশেষ পরিক্ষর্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে একই সাথে **১ম** ও ২য় বর্ষের পরিক্ষায় অংশগ্রহণ করে নাই **২০১৫ -২০১৬** এবং **২০১৬** (প্রাইভেট) শিক্ষবর্ষের এ ধরণের শিক্ষর্থী সর্বসাকুল্য **৬০০০** টাকা ফি প্রদান করে উল্লিখিত শর্তে শুধুমাত্র **২০২২** সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশ নিতে পারবে।

২। **পরীক্ষায় অংশগহণের প্রয়োজনীয় শর্তাবলী :**

**(ক) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (নিয়মিত) :**

i) ২০১৯-২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ (Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে

(খ) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (অনিয়মিত) :

i) ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-২০১৯, শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮, ২০১৯, সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১, সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০১৯, ২০২০, ২০২১ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮, ২০১৯ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৯, ২০২০, ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে কোন কোর্সে/পত্রে F গ্রেড পেয়েছে তারা F গ্রেড প্রাপ্ত কোর্সে/পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

iv) ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৯ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২১ সালের ৩য় বর্ষের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা শেষ বারের মতো ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষার্থী শুধুমাত্র একবার পরবর্তী শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের সাথে উক্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম D গ্রেড পেতে হবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

(গ) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (মানোন্নয়ন) :

i) ২০২১ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ চুড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশের পর CGPA 2.25 বা এর কম প্রাপ্ত পরীক্ষার্থীরা পূর্বে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করেনাই ৩য় বর্ষে এমন সবোর্চ্চ ২টি কোর্সে মানোন্নয়ন (C এবং D গ্রেড প্রাপ্ত) পরীক্ষা দিতে পারবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

৪। সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (২০০ নম্বর) :

i) ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশ গ্রহন করতে পারবে।

ii) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৫। অনলাইনে আবেদন ফরম পুরণ (শিক্ষার্থীদের জন্য):

(ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www. nubd.info/degree-pass) এ গিয়ে Apply to online form Fillup (For Student) -এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নাম্বার দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রি প্রক্রিয়া সম্পন্ন হলে, অন-লাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।

(খ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

(গ) ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদনকারীকে নিজ দায়িত্বে স্বাক্ষর করে কলেজের ফরম পূরণ কমিটির নিকট অবশ্যই জমা দিতে হবে।

৬। **(ক) Regular এবং irregular শিক্ষার্থীগণ সরাসরি রকেট অ্যাপস এর মাধ্যমে তাদের রেজি: নম্বর দিয়ে ফি পরিশোধ করতে পারবে। ফি পরিশোধের পর সফটওয়্যার লিংক- https://edwardcollege.eshiksabd.com/ এ ক্লিক করে Username: edwardstudent, Password: edwardstudent দিয়ে Log In করে Receipts Print (Pay Slip) প্রিন্ট করতে পারবে।**

**(খ) Improvement শিক্ষার্থীগণকে কলেজের ভর্তি/ রেজিস্ট্রেশন বিষয়ক সফটওয়্যার লিংক- https://edwardcollege.eshiksabd.com/ এ ক্লিক করে Username: edwardstudent, Password: edwardstudent দিয়ে Log In করার পর Improvement Form Fill up এ ক্লিক করতে হবে। Class Roll এর ঘরে NU Reg.No দিয়ে Exam Academic Year ও Exam Session সিলেক্ট করে View charge and Course details এ ক্লিক করতে হবে। এরপর শিক্ষার্থী Please select subject থেকে যতটি বিষয়ে মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষা দিবে তা সিলেক্ট করে Add Subject এ ক্লিক করলে মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন ফরম পূরণের মোট কত টাকা পরিশোধ করতে হবে, তা দেখাবে। এরপর শিক্ষার্থী Roket অ্যাপস এ নির্ধারিত টাকা পরিশোধ করে Pay Slip প্রিন্ট করে কলেজ অফিসে জমা দিতে হবে। কোন ভুল হলে টাকা জমা দেওয়ার আগে তা সংশোধন করা যাবে। টাকা পরিশোধের পর আর সংশোধন করা যাবে না।**

(গ) কলেজে ফরম জমা : ফরম পূরণের আবেদন ফরমের সাথে Pay Slip রেজি: কার্ডের ফটোকপি, (গ্রেড উন্নয়ন

পরীক্ষার্থীদের ক্ষেত্রে বিগত পরীক্ষার ফলাফলের কপি) সংযুক্ত করে ০১ সেট অবশ্যই উল্লিখিত তারিখের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতিত) ডিগ্রি সেমিনারে জমা দিতে হবে।

(ঘ) অনলাইন পেমেন্ট স্লিপটি ফটোকপি করে মূলকপি প্রিন্টকৃত আবেদন ফরমের সাথে কমিটির নিকট জমা দিতে হবে এবং ফটোকপি নিজে সংগ্রহ করতে হবে।

**বিদ্রঃ (ক) এই ট্রানজেকশন আইডি ও ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন নম্বরটি অবশ্যই নিজ দায়িত্বে সংরক্ষন করতে হবে।**
**(খ) নির্ধারিত তারিখের মধ্যে ফরম জমা না দিলে শিক্ষার্থীর ফরমপূরণ সম্পন্ন হবে না।**

**প্রতিস্বাক্ষর**
১৭.৯.২০২৪
**(প্রফেসর মোঃ আব্দুল আউয়াল)**
**ভারপ্রাপ্ত অধ্যক্ষ**
**সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা**

17.9.24
**(এ. এস. এম ফরিদ)**
**সহকারী অধ্যাপক, রসায়ন বিভাগ ও**
**আহবায়ক**
**ডিগ্রি (পাস)ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ ফরম পূরণ**
**কমিটি -২০২২**
**সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।**

স্মারক নং-সএক/৭৯৬(৩০)
তারিখ : ১৭.০৯.২০২৪

**অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হল :**
১। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২-১৯। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২০-২৪। সুপার, সকল হল, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২৫। আহবায়ক, ডিগ্রি পাস কোর্স পরিচালনা কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা (**ফরম জমা নেয়া এবং প্রতিদিনের ফরম কমিটির নিকট জমা দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ**)।
২৬। আহবায়ক, ওয়েব সাইট উন্নয়ন কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২৭। গ্রন্থাগারিক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২৮। হিসাব রক্ষক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২৯। নোটিশ বোর্ড, অত্র কলেজ।
৩০। অফিস নথি।

17.9.24
**(এ. এস. এম ফরিদ)**
**সহকারী অধ্যাপক, রসায়ন বিভাগ ও**
**আহবায়ক**
**ডিগ্রি (পাস)ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ ফরম পূরণ**
**কমিটি -২০২২**
**সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।**